প্রথম আলো

প্র বাণিজ্য

# দেশীয় নির্মাণসামগ্রীতে হচ্ছে নতুন টার্মিনাল

প্র বাণিজ্য প্রতিবেদক



বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের পাইলিংয়ের কাজ শেষ। সারি সারি পিলার এখন দাঁড়িয়ে গেছে। এক পাশে শত শত শ্রমিক রড বাঁধছেন। তারপরই হবে ঢালাইয়ের কাজ। সব মিলিয়ে রাজধানীর হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে চলছে বিশাল কর্মযজ্ঞ। মেগা এই প্রকল্পের কাজ শেষ হলে আকাশপথে যাত্রী ও পণ্য পরিবহনে আধুনিক যুগে প্রবেশ করবে বাংলাদেশ।

দেশের নির্মাণাধীন বিভিন্ন মেগা প্রকল্পের মতোই বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণে দেশের বেশ কয়েকটি শীর্ষস্থানীয় কোম্পানির রড, সিমেন্ট, রেডি মিক্সড কংক্রিট ইত্যাদি ব্যবহৃত হচ্ছে। প্রকল্প পরিচালক মাকসুদুল ইসলাম বললেন, দেশীয় উপকরণেই নির্মিত হচ্ছে নতুন টার্মিনাল ভবনসহ আনুষঙ্গিক অবকাঠামো।

বিজ্ঞাপন

গত দুই দশকে দেশে যতগুলো মেগা প্রকল্প হয়েছে, তাতে দেশীয় নির্মাণসামগ্রী ব্যবহৃত হয়েছে। সময়ের সঙ্গে সঙ্গে পণ্য উৎপাদনে আধুনিক প্রযুক্তি সংযোজনে বিনিয়োগ করেছে বেসরকারি খাতের কোম্পানিগুলো। ফলে মেগা

By using this site, you agree to our Privacy Policy. OK

প্রকল্পের চাহিদা অনুযায়ী মানসম্মত পণ্য সরবরাহ করতে বড় বাধার মুখে পড়তে হয়নি তাদের। তাতে বৈদেশিক মুদ্রা ও সময় সাশ্রয় হচ্ছে।

পদ্মা সেতু, মেট্রোরেল, মাতারবাড়ী কয়লা বিদ্যুৎকেন্দ্র, রূপপুর পারমাণবিক প্রকল্প, মগবাজার-মৌচাক ফ্লাইওভার, চট্টগ্রামের আখতারুজ্জামান ফ্লাইওভারসহ অন্যান্য মেগা প্রকল্পের পাশাপাশি হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নতুন টার্মিনাল ভবন নির্মাণে ব্যবহৃত হচ্ছে আবুল খায়ের গ্রুপের শাহ্ সিমেন্ট। দেশের শীর্ষস্থানীয় সিমেন্ট উৎপাদনকারী এই কোম্পানি ২০০২ সালের মার্চে যাত্রা শুরু করে।

মুন্সিগঞ্জের মুক্তারপুরে কারখানায় সিমেন্ট উৎপাদনে বিশ্বের সবচেয়ে বড় ভার্টিক্যাল রোলার মিল (ভিআরএম) স্থাপন করেছে শাহ্ সিমেন্ট। সিমেন্ট উৎপাদনে একই সঙ্গে আকারে বৃহৎ এবং সর্বাধুনিক প্রযুক্তির সমন্বয়ের উদাহরণ পৃথিবীতে এটিই প্রথম। এ জন্য ২০১৯ সালে শাহ্ সিমেন্টের ভিআরএমকে ‘পৃথিবীর একক বৃহত্তম’ হিসেবে সত্যায়িত এবং নথিভুক্ত করেছে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস।

সিমেন্টের উন্নত মান নিশ্চিত করার পাশাপাশি জ্বালানিসাশ্রয়ী হিসেবে ভিআরএম প্রযুক্তি তিন দশকের বেশি সময় ধরে সারা বিশ্বে সমাদৃত। ভিআরএম প্রযুক্তিতে ডেনমার্কের এফএলস্মিথের বিশ্বব্যাপী সুখ্যাতি রয়েছে। শাহ্ সিমেন্টের নতুন এই ভিআরএম স্থাপনে কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা দিয়েছে এফএলস্মিথ।

নতুন এই ভার্টিক্যাল রোলার মিলে সর্বাধুনিক ডিজিটাল এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) প্রযুক্তি সংযুক্ত করা হয়েছে। নিজেদের অগ্রযাত্রাকে আরেক ধাপ এগিয়ে নিতে বিশ্বের সবচেয়ে বড় ভিআরএম প্রযুক্তি সংযুক্ত করার পরিকল্পনা হাতে নেয় শাহ্ সিমেন্ট। ডেনমার্কের এফএলস্মিথ ও বাংলাদেশের শাহ্ সিমেন্টের পারস্পরিক সহযোগিতায় আলোর মুখ দেখে ‘পৃথিবীর সর্ববৃহৎ ভার্টিক্যাল রোলার মিল’।

জানতে চাইলে স্থপতি মোবাশ্বের হোসেন বলেন, দেশীয় কোম্পানিগুলো চাহিদা অনুযায়ী উন্নতমানের রড ও সিমেন্ট উৎপাদন করতে পারছে বলেই গুরুত্বপূর্ণ স্থাপনায় সেগুলো ব্যবহার হচ্ছে। শীর্ষস্থানীয় কোম্পানিগুলো মানের ব্যাপারে আপস করছে না। অনেক ক্ষেত্রে তারা প্রয়োজনের থেকেও উচ্চ মানসম্পন্ন পণ্য উৎপাদন করছে। গত চার-পাঁচ বছরে মানের কারণে কোনো প্রকল্পের রড ও সিমেন্ট বাতিল করতে হয়নি।

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২১ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK